

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৮০. কোন মহিলার অন্য কোন মহিলার সাথে মেলামেশার পর তার গঠনাকৃতি নিজ স্বামীর নিকট বর্ণনা করা

আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لاَ تُبَاشِرُ الْمَرْأَةُ الْمَرْأَةَ فَتَنْعَتُهَا لِزَوْجِهَا كَأَنَّهُ يَنْظُرُ إِلَيْهَا

"কোন মহিলা অন্য মহিলার সাথে মেলামেশার পর সে যেন উক্ত মহিলার গঠনাকৃতি নিজ স্বামীর নিকট এমনভাবে বর্ণনা না দেয় যেন সে (নিপুণ বর্ণনার দরুন) উক্ত মহিলাকে সরাসরিই দেখছে"।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫২৪০, ৫২৪১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11330

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন